

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১০০

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মযী বের হওয়ার কারণে ওয়ূ না করে পুরুষাঙ্গ ধৌত করা সালাতের জন্য যথেষ্ট নয় এবং কাপড়ে পানির ছিটা দেওয়ার পরিবর্তে ওয়ু করা যথেষ্ট হবে

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ غَسْلَ الذَّكَرِ لِلْمَذْيِ لَا يُجْزِئُ بِهِ صَلَاتَهُ دُونَ الْوُضُوءِ وَأَنَّ الْوُضُوءَ يُجْزِئُ عِنْ نَضْح الثَّوْبِ لَهُ

আরবী

1100 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةً حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ حَدَّثَنِي سَعِيدُ بْنُ عُبَيْدِ بْنِ السَّبَّاقِ عَنْ أَبِيهِ عَنْ سَهْلِ بْنِ حُنَيْفٍ قَالَ: كُنْتُ أَلْقَى مِنَ الْمَذْيِ شِدَّةً فَكُنْتُ أَكْثِرُ الْإِغْتِسَالَ مِنْهُ فَسَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ذَلِكَ فَقَالَ: (إِنَّمَا يُجْزِبُّكَ مِنْهُ الْوُضُوءُ) فَقُلْتُ: فَكَيْفَ بِمَا يُصيب ثَوْبِي مِنْهُ؟ قَالَ: (يَكْفِيكَ أَنْ تُأْخُذَ كَفًّا مِنْ مَاءٍ فَتَنْضَحَ بِهَا مِنْ ثَوْبِكَ حَيْثُ تَرَى أَنَّهُ أَصِابه) الراوي: سَهْل بْن حُنَيْفٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1100 ا خلاصة حكم المحدث:. حسن.

বাংলা

ময়ী বের হওয়ার কারণে ওয়ূ না করে পুরুষাঙ্গ ধৌত করা সালাতের জন্য যথেষ্ট নয়; এবং কাপড়ে পানির ছিটা দেওয়ার পরিবর্তে ওয়ূ করা যথেষ্ট হবে (না)[1]

১১০০. সাহল বিন হানিফ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি মযীর কারণে খুব কষ্টের সম্মুখীন হতাম এবং এজন্য আমি প্রচুর পরিমাণে গোসল করতাম। অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এই ব্যাপারে জিজ্ঞেস করলাম, তিনি জবাবে বলেন, "তোমার জন্য যথেষ্ট হলো ওয়ু করা।" আমি বললাম, "যা আমার কাপড়ে লেগে যায়, সেটা আমি কিভাবে পরিষ্কার করবো?" জবাবে তিনি বলেন, "তোমার জন্য যথেষ্ট হলো তুমি এক অঞ্জলি পানি নিবে অতঃপর যেখানে তা লেগেছে দেখতে পাবে, সেখানে পানি ছিটা দিবে।"[2]



ফুটনোট

[1] আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বলেন, শিরোনামে 'না' কথাটি নেই। সম্ভবত এটা ভুল। কেননা হাদীসে কাপড়ে মযী লাগলে শুধু ওয়ৃ যথেষ্ট এমন কথা নেই। বরং কাপড়ে পানি ছিটানো এবং ওয়ৃ করা উভয়টির কথা বলা হয়েছে।

[2] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯১; আবূ দাউদ: ২১০; তিরমিযী: ১১৫; ইবনু মাজাহ: ৫০৬; দারেমী: ১/১৮৪; তাহাবী: ১/৪৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৫।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন হানিফ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন